

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd



স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৫০.১৩৩.১৪-০২-৬৯


তারিখঃ ২৫-০২-২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৩/০২/২০২০ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৩১.০০১.১৮-১৯ নং স্মারকটি আদিষ্ট হয়ে এতদসঙ্গে পৃষ্ঠাংকন করা হলো।

বরাবর,

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৫। ডিসিজিএ (সকল)।
- ৬। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।

সংযুক্তি- ০১ (এক) পাতা।


(কার্মিনমোহা)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদার্থ)
ফোনঃ ৯৩৫৬৫০১।

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-৩ অধিশাখা

সি/২০০


নং- ০৭.০০.০০০০.১৬৩.৩১.০০১.১৮-১৯

তারিখ: ০৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ
২০ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: সহকারী প্রোগ্রামার পদে সরাসরি নবম গ্রেডে (নন-ক্যাডার পদে) নিয়োগপ্রাপ্তদের ০১ টি অতিরিক্ত অগ্রিম ইনক্রিমেন্ট এবং উক্ত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসেবে কম্পিউটার বিজ্ঞান বা ICT সংশ্লিষ্ট বিষয়ের ডিগ্রিকে ইঞ্জিনিয়ারিং ডিগ্রির সমতুল্য বিবেচনায় আরও ০১ টি অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রদান প্রসঙ্গে।

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় এর নং ০৭.০৩.০০০০.০০৯.৪৬.৩২৬.০৭-০৮, তারিখ: ০৮/০১/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১২ এর উপানুচ্ছেদ (৫) (ক) বিধান মোতাবেক বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশক্রমে সরাসরি ৯ম গ্রেডে নিয়োগপ্রাপ্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বিবেচ্য সহকারী প্রোগ্রামারগণ ৯ম গ্রেডে প্রথম নিয়োগের সময় ১ (এক)টি অতিরিক্ত অগ্রিম বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হবেন। সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী সহকারী প্রোগ্রামার পদের শিক্ষাগত যোগ্যতা- কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্থাৎ নন-ইঞ্জিনিয়ারিং এবং ইঞ্জিনিয়ারিং উভয় ডিগ্রির উল্লেখ থাকায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১২ এর উপানুচ্ছেদ (১) (ক) এ বর্ণিত শর্ত মোতাবেক তাদের অনুকূলে প্রস্তাবিত আরও ১ টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদানের কোন সুযোগ নেই।


২২/০২/২০২০
(নাসিমা পারভীন)
উপসচিব
ফোন: ৯৫৬৫৭৩৩

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[দৃ:আ: অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি) (অতি: দায়িত্ব)]

২২/০২/২০২০

অতিঃ সিজিএ (পদ্ধতি)	
ডায়েরী নম্বর: ৪২৪	তারিখ: ২২/০২/২০২০
সিদ্ধিঃ (পদ্ধতি) : অতি জরুরী	২০/০২/২০২০
একই (পদ্ধতি: ১) : পরীক্ষা করে মতামত দিন।	২১/০২/২০২০
একই (পদ্ধতি: ২) : পরীক্ষা করে মতামত দিন।	২১/০২/২০২০


২১/০২/২০২০

০৭.০০.০০০০-০৭
১৯/১২/২০